গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন,
সেগুনবাগিচা, ঢাকা।

[মূসক আইন ও বিধি শাখা]

ব্যাখ্যা পত্র নং- ০৩ /মূসক/২০১৯ তারিখঃ ০২ পৌষ, ১৪২৬ বঙ্গাব্দ/ ১৭ ডিসেম্বর, ২০১৯ খ্রিস্টাব্দ।

**বিষয়ঃ মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ এর আওতায় International Gateway (IGW) কর্তৃক বৈদেশিক মুদ্রার বিনিময়ে বহির্বিশ্ব হতে প্রাপ্ত টেলিফোন কল বাংলাদেশের অভ্যন্তরে অন্ত:গামী সংযোগ প্রদানের ক্ষেত্রে ICX ও ANS কর্তৃক প্রদত্ত সেবার ক্ষেত্রে মূল্য সংযোজন কর আদায় সংক্রান্ত দিক-নির্দেশনা প্রদান।**

সূত্রঃ আইজিডব্লিউ অপারেটর্স ফোরাম এর স্মারক নং- আইওএফ/২০১৯/০৩২, তারিখঃ ২০ নভেম্বর, ২০১৯ খ্রিস্টাব্দ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের প্রতি দৃষ্টি আকর্ষণ করা হলো।

০২। বিষয়োক্ত পত্রের মাধ্যমে International Gateway (IGW) কর্তৃক বৈদেশিক মুদ্রার বিনিময়ে বহির্বিশ্ব হতে প্রাপ্ত টেলিফোন কল বাংলাদেশের অভ্যন্তরে অন্ত:গামী সংযোগ প্রদানের ক্ষেত্রে ICX ও ANS কর্তৃক প্রদত্ত সেবার ক্ষেত্রে মূল্য সংযোজন কর আদায় বিষয়ে জাতীয় রাজস্ব বোর্ডের দিক-নির্দেশনা কামনা করা হয়েছে।

০৩। বিষয়টি জাতীয় রাজস্ব বোর্ডে পর্যালোচনা করা হয়েছে। পর্যালোচনায় দেখা যায় যে, মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ এ টেলিযোগাযোগ সরবরাহ বিষয়ে মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ এর ধারা ২৪ এর উপ-ধারা (৯) এর ন্যায় কোনো সুনির্দিষ্ট ধারা ছিল না বিধায় ইতোপূর্বে এ বিষয়টি প্রজ্ঞাপন এসআরও নং- ১২৫-আইন/২০১০/৫৪৩-মূসক, তারিখঃ ২৬ এপ্রিল, ২০১০ খ্রিস্টাব্দ জারির মাধ্যমে বাংলাদেশের অভ্যন্তরে অন্ত:গামী সংযোগ প্রদানের ক্ষেত্রে ICX ও ANS কর্তৃক প্রদত্ত সেবার ক্ষেত্রে মূল্য সংযোজন কর অব্যাহতি প্রদান করা হয়েছিল। মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ এ টেলিযোগাযোগ সেবার সরবরাহ বিষয়ে ধারা ২৪ এর উপ-ধারা (৯) এ নিম্নরূপ উল্লেখ রয়েছে, যথা:-

> "কোন টেলিযোগাযোগ সরবরাহকারী কর্তৃক অন্য কোন অনাবাসিক টেলিযোগাযোগ সরবরাহকারীর নিকট প্রদত্ত টেলিযোগাযোগ সেবার সরবরাহ শূন্যহার বিশিষ্ট হইবে।"

০৪। দেশের বাহিরে টেলিযোগাযোগ সেবা প্রদানের ক্ষেত্রে বাংলাদেশের অভ্যন্তর হতে বিদেশে কল করা হয় এবং বিদেশ হতে বাংলাদেশের অভ্যন্তরে ও কলের সংযোগ প্রদান করা হয়। ওভারসীজ আউটগোয়িং কলের ক্ষেত্রে দেশের মধ্যে সৃষ্ট কল বিদেশে প্রেরণের ক্ষেত্রে ICX ও ANS সমূহ IGW কে সেবা প্রদান করলেও দেশের ভোক্তার নিকট হতে স্থানীয় মুদ্রার সেবামূল্য গ্রহণ করে থাকে এবং বিতরণ পর্যায়ের মূসক প্রদান করে থাকে। বাংলাদেশের অভ্যন্তরে অন্ত:গামী সংযোগ প্রদানের ক্ষেত্রে ও (Overseas Incoming Call) IGW-ICX-ANS মিলে সামগ্রিকভাবে টেলিযোগাযোগ সরবরাহ সেবা সম্পন্ন হয়। এ ধরণের ইনকামিং কল বিতরণের ক্ষেত্রে ICX ও ANS সমূহের সেবা ছাড়া শুধুমাত্র IGW সমূহের একার পক্ষে দেশীয় ভোক্তার নিকট কল পৌঁছানো বাস্তবে সম্ভব নয় অর্থাৎ সমগ্র টেলিযোগাযোগ সেবা সরবরাহ উল্লিখিত চেইন ব্যতীত সমাপ্ত করা সম্ভব নয়।

০৫। IGW সেবা প্রদানের বিনিময়ে যে বৈদেশিক মুদ্রা প্রাপ্ত হয় তার একটি হিস্যা ICX ও ANS সমূহ প্রাপ্ত হয়। IGW যেহেতু বৈদেশিক মুদ্রায় সেবামূল্য প্রাপ্ত হয় এবং এ সেবামূল্য থেকেই ICX ও ANS এর সেবামূল্য পরিশোধিত হয় সেহেতু ICX ও ANS সেবামূল্য হতে VAT আদায় করা হলে IGW এর মূসক অব্যাহতি কার্যকর হয় না। তাছাড়া, এক্ষেত্রে ICX ও ANS এর সেবা প্রদান পর্যায়ে কোন মূল্য সংযোজন হয় না। মূল্য সংযোজন কর ব্যবস্থার মূলনীতি অনুযায়ী মূসক আরোপ হয় যে কোন পর্যায়ে মূল্য সংযোজনের উপর। সার্বিক প্রেক্ষাপটে, মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ এর ধারা ২৪ এর উপ-ধারা (৯) অনুযায়ী বাংলাদেশের অভ্যন্তরে শুধুমাত্র অন্ত:গামী সংযোগ প্রদানের ক্ষেত্রে (Overseas Incoming Call) ICX ও ANS সমূহ কর্তৃক IGW কে প্রদত্ত সেবার সরবরাহ শূন্য হার বিশিষ্ট হবে।

০৬। মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক বিধিমালা, ২০১৬ এর বিধি ১১৮ক এ প্রদত্ত ক্ষমতাবলে এ ব্যাখ্যাপত্র জারি করা হলো। এতদ্‌ব্যতীত জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক জারীকৃত পত্র নং- ৮(৬) মূসক নীতি ও বাজেট/৩৯৭, তারিখঃ ১৩ নভেম্বর, ২০১৯ খ্রিস্টাব্দ এতদ্‌দ্বারা রহিত করা হলো।

**জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,**

**হাছান মুহম্মদ তারেক রিকাবদার**
প্রথম সচিব (মূসক নীতি)

প্রাপকঃ উপ-পরিচালক
বাংলাদেশ সরকারি মুদ্রণালয়,
তেজগাঁও, ঢাকা।

**[তাঁকে উল্লিখিত আদেশ এর ৫০০ (পাঁচশত) গেজেট কপি মুদ্রণ ও মুদ্রিত কপি সরাসরি জাতীয় রাজস্ব বোর্ডে সরবরাহ করার নিমিত্তে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো]**

নথি নং- ৮(৬) মূসক নীতি ও বাজেট/২০০৮/৪৪৪(৩২) তারিখঃ ১৭ ডিসেম্বর, ২০১৯ খ্রিস্টাব্দ।

<u>অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ</u> **(জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়)**

১। বাংলাদেশের মহাহিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, কাকরাইল, ঢাকা।

২। প্রেসিডেন্ট, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট আপীলাত ট্রাইব্যুনাল, জীবন বীমা ভবন, দিলকুশা বা/এ, ঢাকা।

৩-৬। সদস্য (শুল্ক নীতি)/ (মূসক নীতি)/ (মূসক বাস্তবায়ন)/ (মূসক নিরীক্ষা ও গোয়েন্দা), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।

৭-১৮। কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (উত্তর)/ ঢাকা (দক্ষিণ)/ ঢাকা (পূর্ব)/ ঢাকা(পশ্চিম)/ চট্টগ্রাম/কুমিল্লা/খুলনা/যশোর/রাজশাহী/রংপুর/সিলেট/বৃহৎ করদাতা ইউনিট (মূসক), ঢাকা।

১৯-২৪। কমিশনার, কাস্টম হাউস, চট্টগ্রাম/ঢাকা/আইসিডি,কমলাপুর/মংলা/বেনাপোল/পানগাঁও।

২৫-২৮। কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও মূসক (আপীল) কমিশনারেট, ঢাকা-১/ ঢাকা-২/ চট্টগ্রাম/ খুলনা।

২৯-৩০। মহাপরিচালক, মূসক নিরীক্ষা গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর / শুল্ক গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, ঢাকা।

৩১। মহাপরিচালক, শুল্ক রেয়াত ও প্রত্যর্পণ পরিদপ্তর, চিটাগাং সমিতি ভবন, তোপখানা রোড, ঢাকা।

~~৩২।~~ সিস্টেমস, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (ওয়েব সাইটে আপলোডকরণ সহ প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।

৩৩। সভাপতি, ফেডারেশন অব বাংলাদেশ চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি, ৬০, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।

৩৪। সভাপতি, ই-কমার্স এসোসিয়েশন অব বাংলাদেশ, বাড়ী নং-২৯ (এম-এ), রোড নং-০৬, ধানমন্ডি, ঢাকা-১২০৫।

৩৫। সভাপতি, বেসিস, বিডিবিএল ভবন (লেভেল ৫ - পশ্চিম), ১২ কাওরান বাজার, ঢাকা-১২১৫।

৩৬। সভাপতি, আইজিডব্লিউ অপারেটর্স ফোরাম (আইওএফ), ৭ম তলা, এসএএম টাওয়ার, প্লট-৪, রোড-২২, গুলশান-১, ঢাকা-১২১২।

৩৭-৩৯। প্রথম সচিব (মূসক-বাস্তবায়ন)/(শুল্ক: নীতি)/(মূসক নিরীক্ষা ও গোয়েন্দা), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।

৪০। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।

**মোঃ তারেক হাসান**
দ্বিতীয় সচিব (মূসক আইন ও বিধি)